গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
www.taxeszone3ctg.gov.bd

নথি নং- প্রা-(স)-৪১/মাঃ সঃ/ কঅ-৩ (চট্টঃ)/২০২৩-২০২৪/ ২০৪৬ (১-২৬) তারিখ ঃ ২৮/১২/২০২৩ খ্রি.

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের ডিসেম্বর, ২০২৩ মাসের রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভা।

এ কর অঞ্চলের ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল বাস্তবায়নের অগ্রগতি এবং ডিসেম্বর,২০২৩ মাস পর্যন্ত রাজস্ব আহরণ পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে এ কর অঞ্চলের সকল অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনারগণের সমন্বয়ে আগামী ০৩/০১/২০২৪ খ্রি. তারিখ বুধবার দুপুর ০২.৩০ ঘটিকায় কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হবে।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত বিষয়সমূহে তাঁদের নিজ নিজ দপ্তরের অগ্রগতির প্রতিবেদনসহ উক্ত রাজস্ব সভায় অংশগ্রহণ এবং অগ্রগতির প্রতিবেদন আগামী ০২/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ের পরিসংখ্যান শাখায় প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।

**৩১শে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত**

ক) রাজস্ব আহরণ (উৎস কর কর্তন ব্যতীত);
খ) লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত পদক্ষেপসমূহ ও পরিকল্পনা সমূহ;
গ) লক্ষ্যমাত্রা অর্জিত না হলে তার কারণসমূহ;
ঘ) উৎসে কর ব্যবস্থাপনা সংক্রান্ত সকল তথ্যাদি এবং আদায়;
ঙ) বকেয়া কর আদায় পরিস্থিতি, ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত (মোট বকেয়া/বিতর্কিত/অবিতর্কিত/মাসে আদায়/মাস পর্যন্ত আদায়/শতকরা হার);
চ) অগ্রিম আদায় সংক্রান্ত;
ছ) **২১২** ধারায় (**BRTA** ও সঞ্চয়পত্র ব্যতীত) যে সকল মামলা পুনঃ উন্মোচিত হয়েছে, সে সকল মামলা নিষ্পত্তি/দাবী সৃষ্টি/আদায়ের প্রতিবেদন;
জ) **BRTA** ও সঞ্চয়পত্র সংক্রান্ত যে সকল মামলা পুনঃ উন্মোচিত হয়েছে, সে সকল মামলার নিষ্পত্তি/দাবী সৃষ্টি/আদায়ের তথ্য;
ঝ) হাইকোর্ট হতে যে সকল সার্কেলের মামলার রায়ের সার্টিফাইড কপি প্রেরণ করা হয়েছে সে সকল সার্কেল হতে গৃহিত কার্যক্রম/ নিষ্পত্তি/দাবী সৃষ্টি/আদায়ের প্রতিবেদন;
ঞ) ২০২১-২০২২ করবর্ষের অডিট মামলার নিষ্পত্তি সংক্রান্ত তথ্য;
ট) জুলাই,২০২২ হতে জুন,২০২৩ পর্যন্ত সময়ে যে সকল করদাতার ব্যাংক সার্চিং এর মাধ্যমে কার্যক্রম গ্রহন করা হয়েছে তার সর্বশেষ তথ্য।
ঠ) বিবিধ।

**[সকল কোম্পানী সার্কেলের জন্য- ক) কতটি কোম্পানী শ্রেণীর করদাতার ইটিডিএস রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে খ) কতটি কোম্পানী শ্রেণীর করদাতা ইটিডিএস সফটওয়্যারের মাধ্যমে উৎসে কর কর্তন করে সরকারী কোষাগারে জমা প্রদান করছেন গ) কতটি কোম্পানী উৎসে কর কর্তনের রিটার্ণ দাখিল করেছেন তার তথ্য।]**

**[০৩.০১.২০২৪ ইং তারিখে সর্বশেষ দাখিলকৃত রিটার্ন ও PSR এর প্রিন্ট কপিসহ সভায় হাজির হতে হবে]**

স্বাঃ
(ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুন)
কর কমিশনার
কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
☎: ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নং- প্রা-(স)-৪১/মাঃ সঃ/ কঅ-৩ (চট্টঃ)/২০২৩-২০২৪/ ২০৪৬ (১-২৬) তারিখ ঃ ২৮/১২/২০২৩ খ্রি.

অনুলিপি (কার্যার্থে) ঃ
১. পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
২. উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল................................., কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৩. সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস কপি।

২৮/১২/২৩
(সুদিপ কুমার সাহা)
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
☎: ০২৩৩৩৩২৮৩২৬